দৈনিক বাংলা

তারিখ ... 28 FEB 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

১৩১

(২৪

রাজনৈতিক দলগুলির প্রতি ছাত্রঐক্য

# নির্বাচনে জনগণের রায় সহিষ্ণুতার সঙ্গে গ্রহণ করুন

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

নির্বাচনে জনগণ যে রায় প্রদান করেছে সহিষ্ণুতার সঙ্গে তা গ্রহণ করার জন্য সর্বদলীয় ছাত্রঐক্য সকল রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল সন্ধ্যায় জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ এ আহ্বান জানান।

সাংবাদিক সম্মেলনে ছাত্রঐক্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দ গাজীপুর, নারায়ণগঞ্জ, সাভার এবং ঢাকা মহানগরীর

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## নির্বাচনে জনগণের রায়

(প্রথম পৃষ্ঠার পর)

বিভিন্ন ভোট কেন্দ্র পরিদর্শনের অভিজ্ঞতা বর্ণনা করেন। তাঁরা বলেন, কোন ভোট কেন্দ্রেই আমরা আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হতে দেখিনি। শান্তিপূর্ণ পরিবেশে স্বতঃস্ফূর্তভাবে জনগণ নারী পুরুষ নির্বিশেষে ভোটাধিকার প্রয়োগ করেছে। ভোট কেন্দ্রে মহিলা ভোটারদের ব্যাপক উপস্থিতি গণতন্ত্রের প্রতি দেশবাসীর দীর্ঘদিনের আকাঙ্খার কথাই মনে করিয়ে দেয়।

ডাকসুর সাধারণ সম্পাদক খায়রুল কবীর খোকন সাংবাদিক সম্মেলনে একটি লিখিত বক্তব্য পাঠ করে শোনান। অসীম কুমার উকিল, নাসির-উদ-দুজা, শফী আহমদ, মোশরেফা মিশু, আখতার সোবহান মাশরুর প্রমুখ ছাত্রনেতা সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে নির্বাচনকে অবাধ ও নিরপেক্ষ করার ক্ষেত্রে অক্লান্ত ও বলিষ্ঠ ভূমিকা রাখার জন্য অস্থায়ী সরকার, নির্বাচন কমিশন, রাজনৈতিক দলসমূহ, সেনাবাহিনী, বিডিআর, পুলিশ, সরকারী-বেসরকারী কর্মকর্তা ও কর্মচারী এবং অন্যান্য পেশাজীবী ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠনকে অভিনন্দন জানানো হয়।

ছাত্র নেতৃবৃন্দ সাংবাদিক সম্মেলনে জানান, সর্বদলীয় ছাত্রঐক্যের ছাত্র ব্রিগেড সারা দেশের ভোট কেন্দ্রগুলিতে তাদের কার্যক্রম পরিচালনা করেছে যাতে ভোট কেন্দ্রে আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি না ঘটে।

এক প্রশ্নের উত্তরে ছাত্র নেতৃবৃন্দ বলেন, যে দলই নির্বাচিত হয়ে ক্ষমতায় আসুক না কেন, ছাত্র ঐক্য দশ দফা দাবী বাস্তবায়নে তার সংগ্রাম অব্যাহত রাখবে।